সিডনীতে শুভমিতার সঙ্গীত-সন্ধ্যাঃ 'সুরের বন্যা নাচে'

থন্দকার জাহিদ হাসান

এ-বছর সেপ্টেম্বর মাসের মাঝামাঝি সময়ে বর্তমান বাংলা গানের জগতের উজ্জ্বলতম তারকা শুভমিতা ব্যানার্জী সদলবলে অস্ট্রেলিয়াতে গান গাইতে আসছেন। পাঁচ সদস্যবিশিষ্ট এই টীমে থাকছেন শিল্পী নিজে এবং আরও চারজন বাদ্যযন্ত্রী। বর্তমানে এই কণ্ঠশিল্পীর জনপ্রিয়তা আকাশচুম্বী এবং দুই বাংলার প্রোতাদের মাঝে তাঁর গান ব্যাপকভাবে সমাদৃত। এবারের ২০১৫-এর সাংস্কৃতিক সফরকালে তিনি সিডনীতে ১২ সেপ্টেম্বর (শনিবার) ক্যাম্পসির Orion Function Centre-এ অনুষ্ঠিতব্য "সুরের বন্যা নাচে" শীর্ষক এক মনোজ্ঞ সাংস্কৃতিক সন্ধ্যায় গান পরিবেশন করবেন।

সুধাকন্ঠী শুভমিভা ব্যানার্জী এক অপার্থিব কন্ঠের অধিকারী এবং ভাঁর কন্ঠমাধুর্থে আজ ভারতীয় উপমহাদেশ ভথা বাংলাদেশের আকাশ–বাভাস অনুরণিভ। শুভমিভার গীতিময় কন্ঠ স্বর্গীয়। ভাঁর গায়কী অসাধারণ ও অনন্য। বহুল–অনুশীলিভ ও রাগচটিভ সুললিভ কন্ঠের অধিকারিণী শুভমিভা ব্যানার্জী আরোহী–অবরোহীর স্বপ্লিল সিঁড়ি বেমে অনামাসেই ওঠানামা করতে পারেন, আর অবলীলাম গোমে যান সব ধরণের গান। ভাঁর সুরেলা কন্ঠে যে–কোনো ভাল গানই হয়ে ওঠে ভীষণ ফ্রুভিমধুর। শুভমিভার গলায় এক দুর্লভ ধরণের বহুমুথিভা বা বিচিত্রমুথিভা রমেছে, যে কারণে এই শিল্পী যে–কোনো ধরণের গানই অভান্ত নৈপুণ্যের সাথে গাইতে সক্ষম। ভাঁর গাওমা রবীন্দ্র–সংগীত গানের ভুবনে এক ভিল্লমাত্রা যোগ করেছে। এ ছাড়া ভক্তিমূলক, রাগাশ্রয়ী এবং নগরভিত্তিক আধুনিক জীবনবোধসম্পন্ন ও নান্দনিক ধাঁচের গান পরিবেশনেও ভাঁর জুড়ি মেলা ভার। আর ভার প্রমাণ শুভমিভা ভাঁর অনেক গানের মাধ্যমেই দিয়েছেন।

আগামী ১২ সেপ্টেম্বর ২০১৫ (শনিবার) সিডনীতে শুভমিতা ব্যানার্জীর যে সঙ্গীত সন্ধ্যা অনুষ্ঠিত হতে যাচ্ছে, তার আয়োজক "সুর ইতেন্টম্", যার প্রতিষ্ঠাতা সুমন সাহা। কলেজ জীবনে তিনি নটর ড্যাম কলেজের ৫০তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে অনুষ্ঠিত সুবর্ণ জয়ন্তীর আয়োজক কমিটির টীম সদস্য হিসাবে নিযুক্ত হন, যা ছিল তাঁর জন্য একটি দুর্লভ সন্মানের বিষয় । গত ২০১২ সালে সিডনীস্থ ইউনিভার্সিটি অব্ নিউ সাউথ ওয়েলস্ প্রাঙ্গনে তিন দিনব্যাপী অনুষ্ঠিত সংগীত উটিসবের প্রধান আয়োজকদের মধ্যে সুমন সাহা ছিলেন অন্যতম, যে অনুষ্ঠানে ভূপিন্দর সিং, মিতালী সিং, উষা উথুপ, রুনা লামলা, প্রীকান্ত আচারিয়া, রেজোয়ানা চৌধুরী বন্যা, রুপম ইসলাম এবং অনেক স্থানীয় শিল্পী অংশ গ্রহণ করেন। অতি সম্প্রতি ২৫ এপ্রিল ২০১৫ লিভারপুলের হুইট্লাম সেন্টারে "সুর ইভেন্টম্"-এর উদ্যোগে জনপ্রিয় কণ্ঠশিল্পী উষা উথুপের একক সঙ্গীত সন্ধ্যা অনুষ্ঠিত হয় এবং প্রায় ১৪০০ দর্শক—প্রোতার সমাগমে অনুষ্ঠিত সেই বিশাল কনসার্ট "সুর ইভেন্টম্"-এর জন্য এক বিরাট সাফল্য ও সুনাম বয়ে নিয়ে আসে ।

এ-বছর কণ্ঠশিল্পী শুভমিতা ব্যানার্জীর অস্ট্রেলিয়ায় আগমনের সাথে একটি বিশেষ তার্থিপর্যও জড়িয়ে রয়েছে। তিনি সম্প্রতি আমার লিথা ও সুরারোপ করা ১০টি গান গেয়েছেন বি আমি শুধু এই গানগুলির গীতিকার ও সুরকারই নই, সার্বিক বাদ্য রচয়িতা ও সামগ্রিক বাদক হিসেবেও আমার ভূমিকা রেথেছি। ১০টি গানের এই অ্যালবামটির নামঃ "সুরের বন্যা নাচে" এবং বর্তমানে এটি মুক্তি লাভের জন্য অপেষ্কারত। এই গানের অ্যালবামে শুভমিতা ব্যানার্জী আটটি একক ও দুটি ছৈত সঙ্গীতে কণ্ঠ দিয়েছেন।

১২ সেপ্টেম্বর (শনিবার) Orion Function Centre-এ অনুষ্ঠিভব্য শুভমিভার সাংস্কৃতিক সন্ধ্যার নামকরণ এ অ্যালবাম থেকেই করা হয়েছে। এটি যে কারণে একটি ব্যভিক্রমী অনষ্ঠান হিসেবে বিবেচিভ হাভ যাছে, ভা হলঃ উক্ত কনসাটে শ্বাং শভমিভা ব্যানার্জী ভাঁর জনপ্রিম ও উটিক্ট মানের সব গান পরিবেশন ছাড়াও এই অ্যালবামটির রিলিজ আনুষ্ঠানিকভাবে ঘোষণা করবেন । অ্যালবামটির আনুষ্ঠানিক রিলিজের এই ব্যাপারটি উক্ত কনসাটে একটি ভিন্ন মাত্রা যোগ করবে। কারণ যদিও আমি অস্ট্রেলিয়াভে এই গানগুলির কথা, সুর ও যন্ত্রমঙ্গীভ রচনা করেছি- কিন্তু শুভমিভা আবার ভাঁর কণ্ঠ দিয়েছেন কোলকাভাভে বসেই। "সুরের বন্যা নাচে" শিরোনামের এই মিউজিক অ্যালবামটির দুটি ভার্শন থাকবেঃ অডিও ও ভিডিও । এই গানগুলিভে আমি শায়ভ বাংলার চিরন্তন মুরের চির-অস্কাল আর মর্মস্পর্শী আবেদন সন্ধিবেশ করার চেষ্টা করেছি। গানের ভিডিওগুলি শিল্পী এবং বাংলাদেশ ও অস্ট্রেলিয়ার একঝাঁক উচ্ছল ভিডিও ভারকার সমন্বমে নির্মিভ । সিডনী, কোলকাভা ও ঢাকা টামের এক সমন্বিভ প্রচেষ্টার ক্ষমল এই গানের অ্যালবামঃ "সুরের বন্যা নাচে" । এভে থাকছে বৈচিত্রসম গানসমূহের এক অভূভপূর্ব সমাবেশঃ গাঁচটি অবিনম্বর প্রমের গান, দুটি মনোমুদ্ধকর নাচের গান, একটি প্রার্থনা সঙ্গীভ, একটি বৈজ্ঞানিক কল্পকাহিনীভিত্তিক সঙ্গীভ এবং আদম-হাওমার অমর উপাথ্যানভিত্তিক একটি সঙ্গীভ। এই অ্যালবামের গানগুলি সকল ব্যমের এবং সকল প্রেণীর দর্শক-শ্রোভাদেরই ভাল লাগবে বলে আমি আশা করছি। উপস্থিভ দর্শক প্রোভাবৃন্দ উক্ত ভেনুভে "সুরের বন্যা নাচে" অ্যালবামের কপি ক্রয়ও করভে পারবেন।

সিডনী তথা অস্ট্রেলিয়ার সকল সম্মানিত বাংলাভাষী বাঙ্গালী দর্শক-শ্রোভার কাছে অনুষ্ঠান আয়োজকদের একান্ত অনুরোধঃ ১২ সেপ্টেম্বর (শনিবার) ক্যাম্পদির Orion Function Centre-এ অনুষ্ঠিতব্য শুভমিভার সাংস্কৃতিক সন্ধ্যার উপরোক্ত বিশেষত্বের কথা বিবেচনা করে তাঁরা যেন সব ধরণের সহযোগিতা ও সমর্থন প্রদানের মাধ্যমে উক্ত অনুষ্ঠানকে সাফল্যমণ্ডিত করে তোলেন।